

এসএসসি পরিক্ষার শেষ দিনেও অনুপস্থিত সাড়ে ১৬ হাজার

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ২৮ মে ২০২৩

স্থগিত পরীক্ষা আয়োজনের মধ্য দিয়ে চলমান এসএসসি-সমমানের তত্ত্বীয় পরীক্ষা শেষ হয়েছে। রোববারের (২৮ মে) পরীক্ষা সারাদেশের সাধারণ নয়টি ও কারিগরি-মাদরাসা শিক্ষা বোর্ডের ১৬ হাজার ৫৫৯ জন অনুপস্থিত ও ৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিতির হার ১ দশমিক ৪৩ শতাংশ। পরীক্ষা শেষে আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড থেকে এসব তথ্য জানা গেছে।

দেখা গেছে, রোববার সাধারণ নয় শিক্ষা বোর্ডের অধীনে গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়), কৃষি শিক্ষা (তত্ত্বীয়), সংগীত (তত্ত্বীয়), আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়) এবং চারু ও কারুকলা (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর বাইরে মাদরাসা শিক্ষা বোর্ডেরও স্থগিত পরীক্ষা রোববার আয়োজন করা হয়। তবে এ দিন কারিগরি বোর্ডের কোন পরীক্ষা ছিল না।

এতে দেখা গেছে, ঢাকা বোর্ডের ৪ হাজার ৩৭০ জন, রাজশাহী বোর্ডের ১ হাজার ৭০৭ জন, কুমিল্লা বোর্ডে ২ হাজার ২০ জন, যশোর বোর্ডের ২ হাজার ২৪ জন, চট্টগ্রাম বোর্ডে ১ হাজার ৫৯১ জন, সিলেট বোর্ডে ৯৭৫ জন, বরিশাল বোর্ডে ৯৭৭ জন, দিনাজপুর বোর্ডে ১ হাজার ৭৩৫ জন এবং

ময়মনসিংহ বোর্ডে ১ হাজার ১০১ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।
মাদরাসা শিক্ষা বোর্ডে এ দিন ১১১ জন রয়েছে।

১০ বোর্ডে বহিষ্কার ৮ জনের মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডে একজন,
কুমিল্লায় একজন ও দিনাজপুর শিক্ষা বোর্ডে ছয় জন শিক্ষার্থী রয়েছে।
এদিন কোনো পরিদর্শক বা শিক্ষক বহিষ্কার হয়নি।

গত ৩০ এপ্রিল চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়।
রোববার তত্ত্বীয় পরীক্ষা শেষ হলেও আগামী ৩০ মে পর্যন্ত ব্যবহারিক
পরীক্ষা শেষ হওয়ার কথা রয়েছে।